আপনার অয়স্টার কার্ড থেকে সর্বোচ্চ সুবিধা নিন

ব্যবহারকারীদের জন্য একটি নির্দেশিকা

জানুয়ারী 2009 থেকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত

অয়স্টার আপনার জন্য কী করতে পারে?

অয়স্টার হলো বাস, টিউব (**Tube**), ট্রাম, ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড পরিষেবাতে একবারের (**single**) ভ্রমণের জন্য সবচেয়ে সস্তা উপায়।

আপনার অয়স্টার কার্ড পুনর্ব্যবহারযোগ্য। আপনি অনলাইনে আপনার কার্ডের ব্যবস্থাপনা করতে পারেন এবং আপনার সিজন টিকেট ও ভ্রমণের সময় মূল্য প্রদান (**pay as you go**) এর অর্থ সুরক্ষিত রাখতে পারেন।

আপনার সময় ও অর্থ বাঁচানোর মাধ্যমে- অয়স্টার কার্ডটি ব্যবহারের সবচেয়ে ভালো উপায়টি দেখিয়ে অয়স্টার কার্ড থেকে সর্বোচ্চ সুবিধা নেবার ব্যাপারে সাহায্যের জন্য নির্দেশিকাটির পরিকল্পনা করা হয়েছে।

আপনার ভ্রমণের জন্য অয়স্টারের মাধ্যমে অর্থ প্রদান

অয়স্টার কার্ডের মাধ্যমে আপনার ভ্রমণের মূল্য পরিশোধের বিভিন্ন রকম উপায় আছে:

ভ্রমণের সময় মূল্য প্রদান (Pay as you go)

যদি আপনি যেসব ভ্রমণ করেন শুধুমাত্র সেসব ভ্রমণের মূল্য পরিশোধের ব্যাপারে নমনীয়তা চান, তাহলে অয়স্টার ভ্রমণের সময় মূল্য প্রদান (pay as you go) একটি ভালো বিকল্প।

ভ্রমণের সময় মূল্য প্রদান (pay as you go) আপনাকে আপনার অয়স্টার কার্ডে একবারের (single) ভ্রমণের ক্রেডিট জমা রাখার সুযোগ দেবে, যা নগদ মূল্য পরিশোধের চেয়ে কম। অয়স্টারের চার্জ সবসময় কম রাখা নিশ্চিত করাই আমাদের লক্ষ্য। যখন এমনটি হবে না তখন আমরা বাড়তি অংশটুকু ফেরত দিয়ে দেবো।

আপনার অয়স্টার কার্ডের ক্রেডিট মেয়াদ কখনই ফুরিয়ে যাবে না। আপনি ব্যবহার না করা পর্যন্ত এটা থাকবে। যখন আপনি আপনার ক্রেডিট ব্যবহার করে শেষ করে ফেলবেন, এটাকে সহজেই টপ-আপ করে ফেলুন।

আরো যা আছে, অয়স্টার সর্বোচ্চ দৈনিক মূল্য (daily price cap) একদিনে যতবার খুশি ততবার ভ্রমণের সুযোগ দেবে (0430 থেকে এবং পরের দিনের 0430 পর্যন্ত), এবং আপনাকে কখনই বাস ও ট্রাম পাস বা সমতুল্য ডে ট্রাভেলকার্ডের চেয়ে বেশি মূল্য পরিশোধ করতে হবে না। কখন ও কীভাবে আপনি ভ্রমণ করেন তার উপর ভিত্তি করে সিস্টেমটি সর্বোচ্চ ভাড়া গণনা করে থাকে। সর্বোচ্চ দৈনিক মূল্য পরিশোধ প্রয়োগের ক্ষেত্রে আপনাকে অবশ্যই সঠিকভাবে টাচ-ইন এবং টাচ-আউট করতে হবে - বিস্তারিত জানার জন্য আপনার অয়স্টার কার্ডটি কীভাবে ব্যবহার করবেন সেটি দেখুন।

যখন আপনি প্রথম আপনার অয়স্টার কার্ডটি পাবেন, তখন আপনাকে ফেরৎযোগ্য £3 জমা রাখতে হবে যদি আপনি শুধুমাত্র ভ্রমণের সময় মূল্য প্রদানে (pay as you go) ক্রেডিট যোগ করতে চান।

শুধুমাত্র একই সময় মাত্র একজন ব্যক্তিই অয়স্টার কার্ডের ভ্রমণের সময় মূল্য প্রদান (pay as you go) ব্যবহার করে ভ্রমণ করতে পারেন। যাই হোক, যদি আপনি এটি ব্যবহার না করেন, তাহলে আপনি আপনার বন্ধুকে এটি ধার দিতে পারেন যদি সেটিতে প্রাপ্তবয়স্ক হারে ভ্রমণের সময় মূল্য প্রদান (pay as you go) প্রযোজ্য থাকে।

স্বয়ংক্রিয় টপ-আপ (Auto top-up)

যদি আপনি ভ্রমণের সময় মূল্য প্রদান (pay as you go) ব্যবহার করেন, তাহলে আপনি স্বয়ংক্রিয় টপ-আপ (Auto top-up) সেট করে আরো সময় বাঁচাতে পারেন।

এটি আপনার ক্রেডিট যোগ করার জন্য লাইনে দাঁড়ানোর ঝামেলা দূর করবে। এর বদলে, যখন আপনার তহবিল £5 এর নিচে নেমে যাবে তখন আপনার অয়স্টার কার্ডটি স্বয়ংক্রিয়ভাবে £20 বা £40 দিয়ে (যেটি আপনি পছন্দ করবেন) টপ-আপ হবে। এর মানে এই যে, ভ্রমণের সময় মূল্য প্রদানে (pay as you go) আপনার অয়স্টার কার্ডের ক্রেডিট কখনই শেষ হবে না।

স্বয়ংক্রিয় টপ-আপ সেট করতে অনলাইনে **tfl.gov.uk/oyster** সাইটটি পরিদর্শন করুন।

ট্রাভেলকার্ড এবং বাস ও ট্রাম পাস সিজন টিকেটসমূহ

যদি আপনি প্রাত্যহিক ব্যবহারকারী হন, তাহলে আপনার অয়স্টার কার্ডে অনধিক তিনটি সিজন টিকেট সংরক্ষণ করা যেতে পারে।

লন্ডনের সকল বাস এবং ট্রামে **বাস ও ট্রাম পাস** ব্যবহার করা যেতে পারে।

ট্রাভেলকার্ড সমূহ টিউব (Tube), ডিএলআর, লন্ডন ওভারগ্রাউন্ড এবং ন্যাশনেল রেলে আপনার টিকেটের আওতাভুক্ত জোনগুলোতে এবং এই চিহ্নবিশিষ্ট লন্ডনের সকল বাসে ব্যবহার করা যাবে। জোন 3, 4, 5 বা 6 এ ব্যবহারযোগ্য ট্রাভেল কার্ড ট্রামেও গ্রহণযোগ্য।

অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে সিজন টিকেটসমূহ শুধুমাত্র আপনার ব্যবহারের জন্য। সিজন টিকেটের ব্যাপারে আরো তথ্যের জন্য অনলাইনে **tfl.gov.uk/fares** সাইটটি পরিদর্শন করুন।

সিজন টিকেট ও ভ্রমণের সময় মূল্য প্রদান (pay as you go) এর একটি সংমিশ্রণ

অয়স্টার কার্ডটিকে নমনীয় করে পরিকল্পনা করা হয়েছে। আপনি একই কার্ডে ট্রাভেলকার্ড, বাস ও ট্রাম পাস সিজন টিকেট এবং ভ্রমণের সময় মূল্য প্রদান (pay as you go) এর ক্রেডিট সংরক্ষণ করতে পারেন। এটি আপনাকে ট্রাভেলকার্ডের আওতার বাইরের জোনে ভ্রমণের সুযোগ দেবে। বাস ও ট্রাম পাসধারীরাও টিউব (Tube), ডিএলআর, লন্ডন ওভারগ্রাউন্ড এবং সংশ্লিষ্ট ন্যাশনাল রেল পরিষেবাতে একই কাজ করতে পারেন।

যেসব ভ্রমণপথে ভ্রমণের সময় মূল্য প্রদান (pay as you go) গ্রহণ করা হয় শুধুমাত্র সেখানেই আপনার সম্পূর্ণ ভ্রমণ হতে হবে। যদি আপনার ভ্রমণ ন্যাশনাল রেল পরিষেবার অন্তর্ভুক্ত হয় যেখানে ভ্রমণের সময় মূল্য প্রদান (pay as you go) গ্রহণযোগ্য নয়, সেখানে আপনার ভ্রমণের এই অংশটুকু পূরণের জন্য একটি কাগজের টিকেট কিনতে হবে।

আপনার অয়স্টার কার্ডটি কী ভাবে ব্যবহার করতে হয়

টিউব (Tube), ট্রাম, ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড এবং সংশ্লিষ্ট ন্যাশনাল রেল পরিষেবাতে সঠিক পরিমাণ ভাড়া নিশ্চিত করতে আপনাকে অবশ্যই ভ্রমণের শুরুতে হলুদ রিডারে টাচ-ইন এবং শেষে টাচ-আউট করতে হবে। যদি আপনি তা না করেন, তাহলে সর্বোচ্চ নগদ ভাড়া পরিশোধ করতে হবে। বাসে ওঠার সময় আপনাকে অবশ্যই টাচ-ইন করতে হবে, ট্রামে ভ্রমণের পূর্বে ট্রাম স্টপ প্লাটফর্মের হলুদ রিডারে টাচ-ইন করতে হবে, কিন্তু উভয় ক্ষেত্রেই আপনি অবশ্যই ভ্রমণ শেষে টাচ-আউট করবেন না (ট্রামে করে উইম্বল্ডন ভ্রমণ ছাড়া)।

যখন আপনার অয়স্টার কার্ডটি সমতলভাবে হলুদ রিডারের উপর স্পর্শ করান, তখন একটি বিপ (5-10 এবং 11-15 ফটোকার্ডে দুইটির বেশি বিপ) এর সঙ্গে সবুজ আলোর অর্থ হলো যে এটি ভ্রমণের জন্য গ্রহণ করা হয়েছে। দুইটি বিপ-এর সঙ্গে লাল আলোর অর্থ হলো আপনার অয়স্টার কার্ডটি প্রত্যাখ্যান করা হয়েছে। আপনার অয়স্টার কার্ডটি গৃহীত হওয়া না পর্যন্ত কিংবা আলাদাভাবে ভ্রমণ মূল্য পরিশোধ না করা পর্যন্ত আপনি অবশ্যই সামনে যাবেন না।

কোথায় অয়স্টার পাওয়া যায়

অনলাইনে **tfl.gov.uk/oyster** সাইটে, অয়স্টার টিকেট স্টপগুলোতে, টিউব (Tube) ও লন্ডন ওভারগ্রাউন্ড স্টেশন টিকেট অফিস অথবা লন্ডন ট্রাভেল ইনফরমেশন সেন্টার থেকে আপনি অয়স্টার কার্ড পেতে পারেন।

আপনি ক্রেডিট যোগ করতে পারেন এবং সিজন টিকেট কিনতে অথবা নবায়ন করতে পারেন:

- অনলাইনে **tfl.gov.uk/oyster** সাইটে (শুধুমাত্র বার্ষিক বাস ও ট্রাম পাসের প্রথম সংস্করণ অনলাইনে পাওয়া যায়)
- অয়স্টার টিকেট স্টপসমূহে - অনলাইনে **tfl.gov.uk/fares** সাইটে আপনার সবচেয়ে কাছেরটির অবস্থান খুঁজে নিন
- টিউব (Tube) ও লন্ডন ওভারগ্রাউন্ড স্টেশন টিকেট অফিসগুলোতে এবং টাচস্ক্রিন মেশিনগুলোতে
- লন্ডন ট্রাভেল ইনফরমেশন সেন্টারসমূহে ।

অগ্রীম টিকেট ক্রয়

7 দিন, মাসিক এবং আরো বেশি সময়ের জন্য (বার্ষিক সহ) ট্রাভেলকার্ড এবং বাস ও ট্রাম পাস সিজন টিকেট নবায়ন করা যায়:

- অগ্রীম 30 দিন পর্যন্ত অনলাইনে (শুধুমাত্র 7 দিন, 1, 3 অথবা 6 মাসের বার্ষিক ট্রাভেলকার্ড) অথবা টিউব (Tube) বা লন্ডন ওভারগ্রাউন্ড স্টেশন টিকেট অফিসে
- অগ্রীম 4 দিন পর্যন্ত টিউব (Tube) ও লন্ডন ওভারগ্রাউন্ড স্টেশন টাচস্ক্রীন মেশিনে
- অগ্রীম 7 দিন পর্যন্ত অয়স্টার টিকেট স্টপগুলোতে (7 দিন এবং মাসিক ট্রাভেলকার্ড/বাস ও ট্রাম পাসসমূহ এবং বার্ষিক বাস ও ট্রাম পাসসমূহ) এবং লন্ডন ট্রাভেল ইনফরমেশন সেন্টারে (7 দিন এবং মাসিক ও বার্ষিক ট্রাভেলকার্ড এবং বাস ও ট্রাম পাসসমূহ)।

অয়স্টার ফটোকার্ডসমূহ এবং শিশু, টিনএজার এবং ছাত্রছাত্রীদের জন্য মূল্যছাড় সম্পর্কিত আরো তথ্যের জন্য অনলাইনে যান অথবা টিউব (Tube) স্টেশনসমূহ ও অয়স্টার টিকেট স্টপ থেকে লিফলেট সংগ্রহ করুন।

আপনার অয়স্টার কার্ড সুরক্ষিত করুন

যখন আপনি আপনার অয়স্টার কার্ড নিবন্ধন করেন, তখন যদি আপনার কার্ড হারিয়ে বা চুরি হয়েও যায় তবুও আপনার ক্রেডিট ও সিজন টিকেট সুরক্ষিত - যা আপনার মানসিক প্রশান্তি যোগাবে। আপনি সর্বশেষ ভ্রমণ আপডেট (পরিকল্পিত বিচ্ছিন্নকরণ সহ) থেকেও লাভবান হতে পারেন যা আপনার নিয়মিত ভ্রমণকে প্রভাবিত করতে পারে এবং নতুন পরিষেবা সম্পর্কে জানতে পারবেন।

অনলাইনে আপনার কার্ড সুরক্ষা করুন **tfl.gov.uk/oyster** সাইটে অথবা আপনার স্থানীয় টিকেট স্টপ, টিউব (Tube) বা লন্ডন ওভারগ্রাউন্ড স্টেশন থেকে একটি নিবন্ধন ফর্ম নিন।

অয়স্টার কার্ডের সঙ্গে পুরণকৃত নিবন্ধন ফর্ম নিয়ে ফিরে আসুন:

- যে কোন টিউব (Tube) অথবা লন্ডন ওভারগ্রাউন্ড স্টেশন টিকেট অফিসে
- অয়স্টার টিকেট স্টপে
- লন্ডন ট্রাভেল ইনফরমেশন সেন্টারসমূহে ।

ন্যাশনাল রেলে অয়স্টারের ব্যবহার

পরিশোধিত জোনগুলোতে অয়স্টারের ট্রাভেলকার্ড ন্যাশনাল রেলের পরিষেবাগুলোতে ব্যবহার করা যাবে (হিথরো এক্সপ্রেস এ এবং হিথরো ও হায়েস এর মধ্যে এবং হিথরো কানেক্ট এ হায়েস ও হারলিংটন-এর মধ্যে এর ব্যতিক্রম রয়েছে)। লন্ডন ওভারগ্রাউন্ডে ভ্রমণের সময় মূল্য প্রদান (pay as you go) এর মত করে নিম্নোক্ত ন্যাশনাল রেল পরিষেবাগুলোতে ও আপনি অয়স্টার ব্যবহার করতে পারেন:

- আমারশ্যাম থেকে ম্যারিলিবোন
- ফিন্সবারী পার্ক থেকে কিংস ক্রস/মুরগেট
- স্ট্রাটফোর্ড থেকে লিভারপুল স্ট্রিট
- টটেনহ্যাম হেইল/সেভেন সিস্টারস থেকে স্ট্রাটফোর্ড
- আপমিনস্টার/রেইনহ্যাম (এসেক্স) থেকে বার্কিং হয়ে ফেনচার্চ স্ট্রিট/ লিভারপুল স্ট্রিট (কিন্তু ফরেস্ট গেট/মেরিল্যান্ড নয়)
- ওয়ালথামস্টো সেন্ট্রাল/ টটেনহ্যাম হেইল/ সেভেন সিস্টারস থেকে লিভারপুল স্ট্রিট
- ওয়াটফোর্ড জাংশন থেকে ক্লাপহাম জাংশন (সাউদার্ন পরিষেবা)
- ওয়াটফোর্ড জাংশন থেকে ইউস্টোন (লন্ডন মিডল্যান্ড পরিষেবা)
- ওয়েস্ট ড্রেইটন/ গ্রীনফোর্ড থেকে প্যাডিংটন
- ওয়েস্ট হ্যাম্পটেড (টেমসলিঙ্ক) থেকে মুরগেট/এলিফ্যান্ট এন্ড ক্যাসল/লন্ডন ব্রীজ
- ওয়েস্ট রায়স্লিপ থেকে ম্যারিলিবোন।

ভ্রমণের সময় মূল্য প্রদান (pay as you go) যেখানে বৈধ এমন ভ্রমণপথগুলোর তালিকা ক্রমাগত বাড়ানো হচ্ছে। **tfl.gov.uk/fares** এ অথবা রেলগাড়ি পরিচালনাকারী কোম্পানি যেটি আপনি ব্যবহার করেন সেটিতে আপনার ভ্রমণের সময় মূল্য প্রদান (pay as you go) গৃহীত হয় কি না তা ভ্রমণের পূর্বেই চেক করুন।

বার বার জিজ্ঞাসিত প্রশ্নসমূহ

যদি আমার অয়স্টার কার্ড হারিয়ে যায় বা চুরি হয়ে যায়, তাহলে আমার কী করা উচিত?

আপনার অয়স্টার কার্ড হারিয়ে গেলে বা চুরি হয়ে গেলে, আপনার ক্রেডিট এবং/অথবা সিজন টিকেট নিরাপদ থাকবে, যদি অনলাইনে এটির নিবন্ধন বা সুরক্ষিত করা থাকে। **tfl.gov.uk/oyster** অনলাইন ঠিকানায় আপনি জানাতে পারেন অথবা অয়স্টার হেল্পলাইন নম্বর **0845 330 9876***-এ ফোন করতে পারেন। আপনাকে একটি নতুন কার্ড দেয়া হবে এবং যেকোন পরিমাণ অব্যবহৃত ক্রেডিট অথবা সিজন টিকেট আপনার নতুন কার্ডে রিলোড করে দেয়া হবে। যদি আপনার অয়স্টার কার্ডটি নিবন্ধিত বা সুরক্ষিত না হয়ে থাকে, তাহলে হারিয়ে যাওয়া বা চুরি হয়ে যাওয়া কার্ডে আমরা ক্রেডিট এবং/অথবা সিজন টিকেট পুনস্থাপিত করতে অপারগ।

কেন আমাকে সর্বোচ্চ পরিমাণ নগদ ভাড়া চার্জ করা হয়েছে?

টিউব (Tube), ডিএলআর, লন্ডন ওভারগ্রাউন্ড অথবা সংশ্লিষ্ট ন্যাশনাল রেল পরিষেবাতে আপনাকে সর্বোচ্চ পরিমাণ নগদ অর্থ চার্জ করা হবে যদি আপনি সঠিকভাবে টাচ-ইন এবং টাচ-আউট করে না থাকেন। সঠিক ভাড়া গণনার জন্য ওয়স্টার কার্ডের জানা দরকার যে, আপনার ভ্রমণ কোথা থেকে শুরু হলো এবং কোথায় গিয়ে শেষ হলো।

যদি আমার কার্ডে তহবিল নেতিবাচক (negative balance) থাকে, তাহলে আমার কী করা উচিত?

আপনার পরবর্তী ভ্রমণের পূর্বেই আপনার তহবিলকে ঠিক রাখতে আপনার ক্রেডিট যোগ করতে হবে।

আমি মনে করি যে আমাকে বেশি চার্জ করা হয়েছে। আমার কী করা উচিত?

যদি আপনার কার্ডটি নিবন্ধিত করা থাকে, তাহলে অনলাইনে আপনার ভ্রমণ ইতিহাস দেখুন অথবা টাচস্ক্রিন টিকেট মেশিন ব্যবহার করে দেখুন যে আপনাকে কত চার্জ করা হয়েছে। ভাড়ার ব্যাপারে যদি আপনার আরো জিজ্ঞাসা থাকে, তাহলে অয়স্টার হেল্পলাইন নম্বর **0845 330 9876*** -এ ফোন করুন।

আমার ভ্রমণ বিলম্বিত হয়েছিল। এটি কি আমার মূল্য পরিশোধের উপর প্রভাব ফেলবে?

টিউব (Tube), ট্রাম, ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড এবং সংশ্লিষ্ট ন্যাশনাল রেল পরিষেবাতে ভ্রমণের শুরুতে স্পর্শ (টাচ-ইন) এবং ভ্রমণশেষে স্পর্শের (টাচ-আউট) মধ্যবর্তী সময় যদি আড়াই ঘণ্টার বেশি হয়, তাহলে আপনাকে ভ্রমণের সময় মূল্য প্রদান (pay as you go) ব্যবহারের ক্ষেত্রে দু'বার চার্জ করা হতে পারে। যদি এরকম ঘটে থাকে, তাহলে অয়স্টার হেল্পলাইন নম্বর **0845 330 9876*** এ সম্ভাব্য রিফান্ড এর তথ্য জানতে ফোন করুন।

যদি আমাদের নিয়ন্ত্রণাধীন কোন কারণে আপনার টিউব (Tube) ভ্রমণ 15 মিনিটের চেয়ে বেশি বিলম্বিত হয়, তাহলে আপনি কাস্টোমার চার্টার ফর্ম ব্যবহার করে রিফান্ডের জন্য আবেদন করতে পারেন।

যদি আমাদের নিয়ন্ত্রণাধীন কোন কারণে আপনার লন্ডন ওভারগ্রাউন্ড ভ্রমণ 30 মিনিটের চেয়ে বেশি বিলম্বিত হয়, তাহলে আপনি একবারের (single) বিলম্বিত ভ্রমণের সমপরিমাণ অর্থ রিফান্ডের জন্য আবেদন করতে পারেন।

অনলাইনে **tfl.gov.uk/fares** সাইটে অথবা টিউব (Tube) এবং লন্ডন ওভারগ্রাউন্ড স্টেশনগুলোতে কাস্টোমার চার্টার ফর্ম পাওয়া যায়।

যদি আমার অয়স্টার কার্ড ঠিকমত কাজ না করে, তাহলে কী হবে?

অয়স্টার কার্ড বন্ধ হয়ে যাবার ঘটনা খুবই বিরল, কিন্তু আপনারটি যদি বন্ধ হয়েই যায়, তাহলে যেকোন স্টাফ সদস্যের সঙ্গে যোগাযোগ করুন অথবা অয়স্টার হেল্পলাইন নম্বর **0845 330 9876*** -এ ফোন করুন।

আমি উইম্বল্ডন পর্যন্ত/থেকে ট্রামে যাই। আমার কী করা উচিত?

আপনি যদি উইম্বল্ডন পর্যন্ত ট্রামে ভ্রমণ করেন, সবসময় ভ্রমণের শুরুতে টাচ-ইন করান এবং স্টেশন থেকে বের হবার সময় স্টেশনের গেটে এটি টাচ-আউট করান। বের হবার সময় হাতে ব্যবহৃত গেটে হলুদ রিডারটি ব্যবহার করবেন না। ট্রামে করে **উইম্বল্ডন থেকে** ভ্রমণ করার সময়, সবসময় স্টেশন গেটে প্রবেশের সময় কার্ডটি টাচ-ইন করান এবং ট্রামে চড়ার পূর্বে প্লাটফর্মের হলুদ রিডারে আবারও টাচ-ইন করান।

আমার অয়স্টার কার্ডের যত্ন কী ভাবে নেয়া উচিত?

- এটিকে এর ওয়ালেটের ভিতর রাখুন
- অন্যান্য ডেবিট/ক্রেডিট কার্ড থেকে অয়স্টার কার্ডটি আলাদা রাখুন
- কার্ডটি বাঁকা করবেন না।

আরো সাহায্য প্রয়োজন?

- **tfl.gov.uk/oyster** সাইট পরিদর্শন করুন
- **0845 330 9876*** নম্বরে ফোন করুন

জানুয়ারি 2009

মুদ্রণে যাবার সময় সকল তথ্য সঠিক। সর্বশেষ তথ্যাবলীর জন্য অনুগ্রহ পূর্বক **tfl.gov.uk/oyster** পরিদর্শন করুন।

ওয়েবসাইট

tfl.gov.uk/oyster

ওয়স্টার হেল্পলাইন নম্বর

0845 330 9876

* BT আবাসিক গ্রাহকদের জন্য, অয়স্টার হেল্পলাইনে ফোন করার খরচ প্রতি মিনিটে 3.5p এর বেশি নয়। (জানুয়ারী 2009 এ বর্তমান মূল্য)। BT ছাড়া অন্য লাইন থেকে ফোন করার খরচ আলাদা হতে পারে।